# 2024

## BENGALI

### ( Skill Enhancement Course )

### Paper : BEN–SE–6014

### ( অনুবাদ-চর্চা )

*Full Marks* : 50

*Time* : 2 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪

(ক) মোগল আমলে সংস্কৃত সাহিত্যের অনুবাদ কোন্ ভাষায় করা হতো?

(খ) কালিদাস রচিত 'অভিজ্ঞান শকুন্তলম্' গ্রন্থ বাংলা গদ্য-ভাষায় কে অনুবাদ করেন?

(গ) মালাধর বসু কোন্ সংস্কৃত গ্রন্থের বাংলা অনুবাদ করেছিলেন?

(ঘ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'গীতাঞ্জলি' কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদের নাম লেখো।

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৩=৬

(ক) রামমোহন রায় অনূদিত দুটি গ্রন্থের নাম লেখো।

(খ) 'তোতা ইতিহাস' গ্রন্থটি কে, কোন্ ভাষার গ্রন্থ থেকে বাংলায় অনুবাদ করেছিলেন?

(গ) 'ভ্রান্তিবিলাস' গ্রন্থটির অনুবাদকের নাম লেখো। এটি কোন্ গ্রন্থের বাংলা অনুবাদ?

৩। নীচের যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) আক্ষরিক অনুবাদ কাকে বলে? এ-ধরনের অনুবাদের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) অনুবাদক হিসেবে রামমোহন রায়ের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) টীকা লেখো :

অনুবাদক কৃত্তিবাস ওঝা *অথবা* অনুবাদক কাশীরাম দাস

(ঘ) বাংলা ভাষায় অনূদিত সংস্কৃত সাহিত্য সম্পর্কে যা জান লেখো।

৪। নীচের যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

(ক) বাংলা ভাষায় অনূদিত পাশ্চাত্য সাহিত্য সম্পর্কে যা জান লেখো।

(খ) অনুবাদ করার সময় একজন অনুবাদক কী কী সমস্যার সম্মুখীন হন তা আলোচনা করো।

(গ) সার্থক অনুবাদের গুণাবলি পর্যালোচনা করো।





(ঘ) 'পরাগলী মহাভারত', 'ছুটিখানি মহাভারত' ও 'কালীসিংহী মহাভারত'—'মহাভারত'-এর এই তিনটি অনুবাদ সম্পর্কে যা জান লেখো।

(ঙ) উনিশ ও বিশ শতকে বাংলা ভাষায় কৃত অনুবাদের সংক্ষিপ্ত বিবরণ দাও।

(চ) বাংলা ভাষায় খ্যাতনামা যে কোনো একজন অনুবাদকের কৃতিত্ব তোমার নিজের ভাষায় ব্যক্ত করো।

***